রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০১৯

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

### প্রজ্ঞাপন

তারিখ: ০৪ বৈশাখ, ১৪২৬ বঙ্গাব্দ/১৭ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৯৭-আইন/২০১৯।**—মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ (২০০৬ সনের ৩২নং আইন) এর ধারা ৫১ তে প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(ক) বিধি ৪ এর দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(চ) সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধি ১৫ক তে নির্ধারিত হারে বাৎসরিক ফি প্রদান করিতে হইবে;”

(খ) বিধি ১৫ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১৫ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“১৫। **সনদ ফি।**—ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সনদ ফি হইবে নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নং | ঋণগ্রহীতার সংখ্যা | সনদ ফি (টাকায়) |
|---|---|---|
| (১) | ১০ লক্ষের উপরে | ৫ লক্ষ |
| (২) | ১ লক্ষের উপর হইতে ১০ লক্ষ পর্যন্ত | ২ লক্ষ |
| (৩) | ২৫ হাজারের উপর হইতে ১ লক্ষ পর্যন্ত | ২৫ হাজার |
| (৪) | ২৫ হাজার পর্যন্ত | ১০ হাজার ।”; এবং |



মূল্য : টাকা ৪.০০

(গ) বিধি **১৫** এর পর নিম্নরূপ নূতন বিধি **১৫ক** সন্নিবেশিত হইবে, যথা :—

"১৫ক। **বাৎসরিক ফি**।—(১) সনদপ্রাপ্ত প্রত্যেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে প্রতি অর্থ বৎসরে অর্জিত সার্ভিস চার্জ আয়ের উপর ০.১৫% হারে বাৎসরিক ফি কর্তৃপক্ষকে, তদ্‌কর্তৃক সময় সময় নির্ধারিত পদ্ধতি ও মেয়াদের মধ্যে, পরিশোধ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বাৎসরিক ফি এর পরিমাণ ১০,০০০ (দশ হাজার) টাকার কম হইবে না।"

কর্তৃপক্ষের আদেশক্রমে

**অমলেন্দু মুখার্জী**
এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান।

মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd